# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
**জনসংযোগ ও প্রকাশনা দপ্তর**
**প্রশাসনিক ভবন**
টেলিফোন: ০৮৮২৫৮৮৮৪৪৯৮১


তারিখ: ০৫.০৮.২০২৬

<u>প্রেস বিজ্ঞপ্তি</u>

## পাবিপ্রবিতে জুলাই গণঅভ্যুত্থান দিবস উদযাপন

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ বুধবার (৫ আগস্ট) "জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬" উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে এক আলোচনা সভা ও দোয় মাহফিলের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. আবুল হাসনাত মোহা. শামীম।

বিশেষ অতিথি ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জুলাই গণঅভ্যুত্থান দিবস উদযাপন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. কামরুজ্জামান। বিশ্ববিদ্যালয়ের কনভেনশন ভবনে সকাল ১০টায় অনুষ্ঠানটি হয়।

আলোচনা সভায় স্বাগত বক্তব্য দেন প্রক্টর অধ্যাপক ড. মো. কামরুজ্জামান খান। আরও বক্তব্য দেন জুলাই গণঅভ্যুত্থানে শহীদ নিলয়ের বাবা এবং শহীদ জাহিদুল ইসলামের বাবা। অনুষ্ঠানে ছাত্র উপদেষ্টা, বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, হল প্রভোস্ট, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে জুলাই গণঅভ্যুত্থানে শহীদদের আত্মার মাগফিরাত কামনা এবং আহতদের দ্রুত সুস্থতা কামনায় দোয়া করা হয়।

*০৫.০৮.২০২৬*
(মো. বাবুল হোসেন)
উপপরিচালক
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।